৩১৮

SEP. 15 1999

তারিখ ... SEP 15 1999
পৃষ্ঠা ১১ কলাম ৬

দৈনিক সংবাদ

# কুয়েত মৈত্রী হলে ছাত্রী বিক্ষোভ, দুই শিক্ষক বন্দি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

দীর্ঘদিন যাবৎ হলের টেলিভিশন ও টেলিফোন নষ্ট এবং পত্রিকা বন্ধ থাকার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কুয়েত মৈত্রী হলের ছাত্রীরা গতকাল রোববার রাতে দুজন হাউজ টিউটরকে বন্দি করে রাখে। এ সময় তারা হলের মধ্যে বিক্ষোভ মিছিল করে।

দু সপ্তাহ যাবৎ হলের পত্রিকা, টিভি ও টেলিফোন বন্ধ থাকার প্রতিবাদে গত শুক্রবার রাতে প্রথমে হলের ছাত্রীরা হলের মধ্যে বিক্ষোভ মিছিল করে। শনিবার হল কর্তৃপক্ষ মিছিলকারী ছাত্রীদের বিরত থাকার নির্দেশ দেন।

এ ঘটনায় ছাত্রীরা আরও উত্তেজিত হয়ে গতকাল রাত ৮টার দিকে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল চলাকালে হলের আবাসিক শিক্ষক ডঃ সুলতানা রাজিয়া খানম এবং সহকারী আবাসিক শিক্ষক সালমা আখতারকে একটি কক্ষে তালাবদ্ধ করে রাখে। মিছিল থেকে ছাত্রীরা রাত ৮টা পর্যন্ত হল অফিস এবং ১০টা পর্যন্ত হল গেট খোলা রাখারও দাবি জানায়। তারা আরও জানায়, হল প্রভোস্ট রাবেয়া খাতুন না আসা পর্যন্ত বন্দি আবাসিক শিক্ষক দু জনকে ছাড়া হবে না। রাত ১০টার দিকে প্রভোস্ট গিয়ে বন্দি আবাসিক শিক্ষক দুজনকে মুক্ত করেন।